



বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভ্যাট
শিক্ষার্থীদের পদযাত্রায় পুলিশি বাধা
সড়ক অবরোধ স্মারকলিপি

যুগান্তর রিপোর্ট

সরকারের আরোপ করা সাত ভাগ ভ্যাট প্রত্যাহারের দাবিতে পদযাত্রা কর্মসূচি পালন করেছেন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বৃহস্পতিবার পুলিশি বাধা উপেক্ষা করে রাজধানীতে তারা এ কর্মসূচি পালন করেন। এ সময় তারা রাষ্ট্রপতিকেও স্মারকলিপি দিয়েছেন।

'নো ভ্যাট অন এডুকেশন' শীর্ষক স্লোগান মেঝে ব্যানার নিয়ে আন্দোলনকারী শিক্ষার্থীরা পূর্ব ঘোষণা অনুযায়ী দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে প্রতিবাদ সমাবেশ শুরু করেন। পরে তারা

স্মারকলিপি দেয়ার উদ্দেশ্যে বঙ্গভবন অভিমুখে পদযাত্রা শুরু করেন। একপর্যায়ে পুলিশ তাদের বাধা দেয়। এতে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা প্রেস ক্লাবের সামনের সড়ক অবরোধ করেন। পরে আন্দোলনকারীদের পক্ষে দুই সদস্যের একটি প্রতিনিধিদলকে বঙ্গভবনে নিয়ে যায় পুলিশ। এ সময় শিক্ষার্থীরা অবরোধ ভুলে নেন। প্রতিনিধিদলে জিলেন আন্দোলনের নেতা ও সমন্বয়ক ফারহান হাবীব ও সালাউদ্দিন মিত্র। স্মারকলিপিতে দুই দফা দাবি করেছেন শিক্ষার্থীরা। দাবিগুলো হচ্ছে— শিক্ষার ওপর সাড়ে সাত শতাংশ ভ্যাট প্রত্যাহার ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের জন্য নীতিমালা প্রণয়ন। সড়ায় শিক্ষার্থীরা বলেন, আমাদের আন্দোলন সরকারের বিরুদ্ধে নয়, অধিকার আদায়ের। কিন্তু পুলিশি বাধা দিচ্ছে। ভ্যাট আরোপ করে শিক্ষাব্যবস্থা ব্যয়বহুল করা হচ্ছে। স্মারকলিপি পেশের পর থেকে পাঁচদিনের মধ্যে সংকট নিরসনের দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। অন্যথায় কঠোর কর্মসূচির ঘোষণা দেয়া হবে।